

যায়যায়দিন

তারিখ ... 14 JAN 2007 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

বিবরণ
৩৩

শ্বাসরুদ্ধকর অবরোধ অবসানে আবার মুখর হয়ে উঠছে শিক্ষাঙ্গন

যাযায়ি ডেস্ক

দীর্ঘদিন পর স্বস্তি ফিরে এসেছে দেশের শিক্ষাঙ্গনে। সারা দেশে জরুরি অবস্থা ঘোষণার পর কয়েক মাস ধরে অবরোধসহ অন্যান্য রাজনৈতিক কর্মসূচির ফলে অচল হয়ে পড়া স্কুল-কলেজগুলো ধীরে ধীরে সচল হতে শুরু করেছে। রাজনৈতিক অস্থিরতায় গত তিন মাস দেশের সব স্কুলের বার্ষিক পরীক্ষাসহ সার্বিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। একইভাবে কলেজগুলোতে প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষাও বিঘ্নিত হয়েছে। পছন্দের স্কুলে সন্তানদের ভর্তি করাতে না পারার আশঙ্কা ছাড়াও ব্যরবার স্থগিত করার কারণে পরীক্ষা আদৌ নেয়া হবে কি না সে আতঙ্ক ছিলেন অভিভাবকরা।

পরীক্ষাসহ শিক্ষা কার্যক্রম যথাসময়ে শেষ হবে কি না এ ব্যাপারেও নিশ্চিত ছিল না স্কুল ও কলেজ কর্তৃপক্ষ। অবশেষে জরুরি অবস্থা জারি করার পরিস্থিতি স্বাভাবিক হতে শুরু করেছে শিক্ষাঙ্গনে। রাজনৈতিক অস্থিরতায়, ঈদ, বড়দিন ও শীতের ছুটি শেষে শিক্ষা প্রতিষ্ঠান খোলা নিয়ে অনিশ্চয়তা কেটে আবার আগের মতো মুখর হতে শুরু করেছে রাজধানীর শিক্ষাঙ্গন। শনিবার সাপ্তাহিক ছুটির দিনেও অনেক স্কুল-কলেজে ক্লাস হয়েছে। তবে কয়েকটি স্কুলের কর্তৃপক্ষ জানিয়েছে, দু'একদিন পরিস্থিতি পর্যবেক্ষণ করে তারপর তারা স্কুল খুলবেন।

শ্বাসরুদ্ধকর অবরোধ (শেষ পৃষ্ঠার পর)

মাধ্যম স্কুলের কর্তৃপক্ষ বলেছে, 'নতুন প্রধান উপদেষ্টার শপথ অনুষ্ঠানে যিনিও নেতৃত্বাধীন চারদলীয় জোট যোগ না দেয়ায় আমরা পরিস্থিতি ঠিক আচ করতে পারছি না। আরো দু'দিন দেখে তারপর স্কুল খুলবো।'

বৃহস্পতিবার রাজধানীর ২৪টি সরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। ডিকারুননিসা নূন স্কুলের আজিমপুর ক্যাম্পাসে প্রজাতন্ত্রী ও নিষা শাখার পরীক্ষা নেয়া হয়েছে। এছাড়া গত ১ জানুয়ারির স্থগিত পরীক্ষাও নেয়া হয়েছে শুক্রবার। শনিবার গজর্মেন্ট ল্যাবরেটরি স্কুলসহ এ চাপের আটটি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

অগ্রণী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ জসীমউদ্দীন আহমেদ বিভিন্ন উজ্জকে বলেন, 'পরিস্থিতি ভালো থাকলে সামলে নিতে পারবো।' ২০০৭ শিক্ষাবর্ষ ঠিকমতোই চলবে বলে তিনি আশা প্রকাশ করেন।

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগম জানানেন, এখনো সব শ্রেণীর ভর্তি পরীক্ষা শেষ হয়নি। তবে যথাসময়ে শিক্ষা কার্যক্রম অনুসরণের ক্ষেত্রে দুট প্রতিকার কথা ব্যক্ত করে তিনি বলেন, শুক্রবার অতিরিক্ত ক্লাস নিয়ে কলেজ শাখার শিক্ষার্থীদেরক আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য তৈরি করা হবে। বিভিন্ন উজ্জ।